



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd



স্মারক নং-১৬.০২.০০০০.০১৩.৩১.৪৪১.২৬/ ৪০

তারিখ: ০২ চৈত্র ১৪৩২
মার্চ ২০২৩

বিষয়: ঢাকা জেলার চকবাজার থানাধীন “মেথু মিঞা ও আলিম উদ্দিন” ওয়াক্ফ এস্টেট (ইসি নং-১৫৪৪১) এর অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ।

সূত্র: (১) জনাব মোঃ মাইনুদ্দিন জমিদার গং কর্তৃক গত ০৭/০৭/২০২৫ খ্রি: তারিখে দাখিলকৃত মোতাওয়াল্লী নিয়োগের আবেদন।
(২) ওয়াক্ফ পরিদর্শক কর্তৃক গত ২৩.১১.২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার চকবাজার থানাধীন “মেথু মিঞা ও আলিম উদ্দিন” ওয়াক্ফ এস্টেটটির সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার স্বার্থে মৃত মোতাওয়াল্লী মোঃ সাইজুদ্দিন (সাজু) এর স্থলে জনাব মোঃ মাইনুদ্দিন জমিদার, পিতা: মৃত আলীম উদ্দিন, সাং:১৬/সি, পূর্ব ইসলামবাগ, ডাকঘর: পোস্তা, থানা: চকবাজার, জেলা: ঢাকা-কে নিম্নবর্ণিত শর্তে আগামী ০৩(তিন) বছরের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ করা হলো:

শর্তসমূহ

- ১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান এবং ওয়াক্ফ দলিল (যদি থাকে) অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন প্রতি অর্থ বছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিকভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
- ৩। প্রতি বছর ১৫ জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ৪। ওয়াক্ফ এস্টেট পরিচালনায় সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ত্ব (রেকর্ড অব রাইটস) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ৬। এস্টেটের বিচারাধীন মামলা সমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ৭। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;
- ৮। এস্টেটের বার্ষিক ১৪,১৫০/- টাকা হারে ২০২৫-২০২৬ অর্থবছর পর্যন্ত মোট ২,০২,৯৫০/-টাকা ওয়াক্ফ কন্ট্রিবিউশন আগামী ০৩(তিন) মাসের মধ্যে পরিশোধ করতে হবে।

মোহাম্মদ জহুরুল হক তরফদার
সহকারী প্রশাসক (চ:দা:)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন

জনাব মোঃ মাইনুদ্দিন জমিদার
পিতা: আলীম উদ্দিন
সাং:১৬/সি, পূর্ব ইসলামবাগ, ডাকঘর: পোস্তা
থানা: চকবাজার, জেলা: ঢাকা

ও

অফিসিয়াল মোতাওয়াল্লী, মেথু মিঞা ও আলিম উদ্দিন ওয়াক্ফ এস্টেট
ইসলামবাগ, চকবাজার, ঢাকা।

পাতা-০২

স্মারক নং-১৬.০২.০০০০.০১৩.৩১.৪৪১.২৬/

তারিখ: চৈত্র ১৪৩২
মার্চ ২০২৬

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ০১। ওয়াক্ফ পরিদর্শক, ঢাকা জোন-০১, ওয়াক্ফ পরিদর্শকের কার্যালয় “নাহিমুন ভবন” ১২১ নূর আহম্মদ সড়ক, চট্টগ্রাম।
- ০২। জনাব মোঃ বশির মিয়া জমিদার গং, পিতা: মৃত আলীম উদ্দিন, সাং: ১৬/সি, পূর্ব ইসলামবাগ, পোঃ পোস্তা, থানা: চকবাজার, জেলা: ঢাকা।
- ০৩। জনাব মোঃ ফয়সাল ইসলাম, কম্পিউটার অপারেটর, আইসিটি শাখা, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৪। অফিস কপি।

সহকারী প্রশাসক (চ.দা)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন